



## ঢাকা বিশ্ববিদ্যালয়


আগামী ১৫ অক্টোবর ২০২১ তারিখ শুক্রবার **বিশ্ববিদ্যালয় শোক দিবস**। করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সীমিত পরিসরে ১৯৮৫ সনের ১৫ অক্টোবর রাতে জগন্নাথ হলে সংঘটিত ধর্মাত্মিক দুর্ঘটনায় যে সকল ছাত্র, কর্মচারী ও অতিথি নিহত হন তাঁদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নিম্নলিখিত কর্মসূচি পালনসহ অন্যান্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

১।

১৫ই অক্টোবর ২০২১ শুক্রবার		কর্মসূচি
(ক)	সকাল ৬:০০ টা	১: সকল হল, হোস্টেল ও বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনসমূহে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা এবং কালো ব্যাজ ধারণ।
(খ)	সকাল ৭:৩০ টা	: সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জগন্নাথ হল স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ ও নীরবতা পালন।
(গ)	সকাল ৭:৪৫ টা	: পুষ্পস্তবক অর্পণের পর সংক্ষিপ্ত আকারে আলোচনা সভা। (ব্যবস্থাপনায় : জগন্নাথ হল প্রশাসন)
(ঘ)	সকাল ৯:০০ টা হতে ১০:০০টা	: জগন্নাথ হল প্রাঙ্গণে প্রার্থনা সভা-হিন্দু, বৌদ্ধ ও খ্রিষ্টান ধর্মাবলম্বীদের।
(ঙ)	বাদ আছর	: মোনাজাত : বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ মসজিদুল জামিয়াসহ সকল হল মসজিদ।

- ২। (ক) ১৫ অক্টোবর উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক আবাসিক হলের সম্মুখে ব্যানার টানানোর জন্য ব্যানার তৈরী করে ইতোপূর্বে পাঠানো হয়েছিল। চলতি বছরে সংশ্লিষ্ট হল, সেই ব্যানারগুলো ব্যবহার করবেন। যদি সে ব্যানারগুলো সংশ্লিষ্ট হলে সংরক্ষিত না থাকে সেক্ষেত্রে সংশ্লিষ্ট হল কর্তৃপক্ষ নতুনভাবে ব্যানার তৈরী করে নেবেন। প্রয়োজনে ব্যানারের পরিমাপ, ভাষা ও রং ইত্যাদি সম্পর্কে সংশ্লিষ্ট হল কর্তৃপক্ষ জগন্নাথ হলের প্রাধ্যক্ষের সাথে যোগাযোগ করে জেনে নেবেন।
- (খ) ১৫ অক্টোবর স্মরণে কালো কাগজের ব্যাজ ছাপানোর বিষয়ে জগন্নাথ হলের প্রাধ্যক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- (গ) নিহতদের স্মরণে ঐদিনের ঘটনা সম্পর্কিত সংক্ষিপ্ত স্মরণিকা প্রকাশ। এ বিষয়ে জগন্নাথ হলের প্রাধ্যক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- (ঘ) এই দিনের কর্মসূচি গণমাধ্যমসমূহের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য এবং বিশ্ববিদ্যালয় বার্তায় বিস্তারিত তথ্য সম্বলিত সংবাদ ছাপানোর পদক্ষেপ গ্রহণের জন্য জনসংযোগ অফিসের পরিচালক-কে অনুরোধ জানানো হলো।
- (ঙ) ভবিষ্যতে যেন এ ধরনের ঘটনা আর না ঘটে সেদিকে সংশ্লিষ্ট সকলের সজাগ দৃষ্টি রাখা এবং ১৫ অক্টোবরের পূর্বেই বিশ্ববিদ্যালয় এলাকার জরাজীর্ণ ভবনসমূহ প্রয়োজনীয় সংস্কার ও পরিষ্কার-পরিচ্ছন্ন করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী ও এস্টেট ম্যানেজার কে অনুরোধ জানানো হলো।

রেজিস্ট্রার অফিস  
প্রশাসনিক ভবন  
ঢাকা বিশ্ববিদ্যালয়

  
১৯/০৭/২১  
প্রবীর কুমার সরকার  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
ঢাকা বিশ্ববিদ্যালয়